



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানি)  
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ  
জেনারেল এ্যাডমিন শাখা

ফোনঃ ০৭৫১-৬৩৮৩৩, তথ্য বাতায়নঃ পিজিসিএল.বাংলা

নম্বর: ২৮.১৮.০০০০.০৩৪.৯৯.০০৪.২১.৪২৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

অফিস আদেশ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সারা বছরব্যাপী সরকারের বিভিন্ন দিক নির্দেশনা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার নির্দেশনার আলোকে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড(পিজিসিএল)-এ সকল কর্মসূচী বাস্তবায়নের জন্য পিজিসিএল-এ মূল কমিটি ও সকল রিজিওনাল অফিস ভিত্তিক আলাদা আলাদা কমিটি গঠন করা হয়। এছাড়াও পেট্রোবাংলা হতে এ বিষয়ে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করার জন্য নির্দেশনা আছে। সে আলোকে জারিকৃত অফিস আদেশ নং-২৮.১৮.০০০০.০৩৪.৯৯.০২১.১৯.৮২; তারিখ-২৩/০২/২০২০ এর মাধ্যমে ইতঃপূর্বে গঠিত কমিটির কয়েকজন কর্মকর্তার পদ ও পদবী পরিবর্তিত হওয়ায় নিম্নবর্ণিতভাবে একটি সংশোধিত কমিটি গঠন করা হলো :

১।	মহাব্যবস্থাপক (প্রশাসন)	ফোকাল পয়েন্ট
২।	মহাব্যবস্থাপক(পরিকল্পনা ও উন্নয়ন)	বিকল্প ফোকাল পয়েন্ট
৩।	মহাব্যবস্থাপক (বিপণন)	সদস্য
৪।	মহাব্যবস্থাপক (অর্থ)	সদস্য
৫।	মহাব্যবস্থাপক (অপারেশন)	সদস্য
৬।	উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)	সদস্য

কমিটির কার্য-পরিধি :

- ১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কমিটি পেট্রোবাংলা/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/সরকারি বিভিন্ন দিক নির্দেশনার আলোকে কোম্পানিতে বিভিন্ন কর্মপরিকল্পনা/কর্মসূচী প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।
- ২। কমিটি পেট্রোবাংলার স্মারক নং-২৮.০২.০০০০.০৩৮.৪৬.০০৪.২০.১১; তারিখ-১৯/০২/২০২০ এর নির্দেশনার আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য রিজিওনাল অফিস ভিত্তিক গঠিত উপ-কমিটিসমূহ-কে এ সংক্রান্ত কার্যাদি অগ্রগতি/সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে এবং উপ-কমিটি সমূহের প্রধানগণ এ সংক্রান্ত যেকোন কাজে ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করবে।
- ৩। সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্য-বিধি মেনে এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৭-৯-২০২১

মোঃ আবুল কাসেম প্রধানীয়া

মহাব্যবস্থাপক

ইমেইল: gm.admin@pgcl.org.bd

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ২) সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ৩) সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ৪) সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড



৭-৯-২০২১

এ.কে.এম. মাহমুদ হাসান চৌধুরী  
উপ-মহাব্যবস্থাপক